



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/১৫৯(পার্ট-৩)

তারিখ : ১০ মার্চ, ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর হিসাব দপ্তরের জন্য অডিট এন্ড একাউন্টস অফিসার এর ০২(দুই)টি পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/=

যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রার্থীর বাণিজ্যে ৪(চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রিসহ শিক্ষা জীবনে কমপক্ষে ৩(তিন)টি পরীক্ষায় ১ম শ্রেণি/বিভাগ অথবা সমমানের গ্রেড থাকতে হবে।

অথবা

প্রার্থীর বাণিজ্যে ৪(চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা বাণিজ্যে স্নাতকোত্তর ডিগ্রিসহ কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে হিসাবরক্ষণ/নিরীক্ষা সংক্রান্ত কাজে (জাতীয় বেতন স্কেলের ১০নং গ্রেডভুক্ত পদে) ০৪ (চার) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর উক্ত পদের জন্য ৫০০/(পাঁচশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ৩১ মার্চ, ২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না/বিবেচনা করা হবে না।



(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার